

## মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

ন্যাশনাল ফিশওয়ার্কিস ফোরাম (NFF) অনুমোদিত

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং ২৩২১৯

রামনগর-২ নং ব্লক শাখা

রামনগর-২ নং ব্লকের উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের দীর্ঘদিনের দাবি-দাওয়া সম্বলিত

## স্মারকলিপি

২০ মার্চ ২০১৩

প্রতি –

সভাপতি,

রামনগর-২ নং ব্লক পঞ্চায়েত সমিতি,

বালিসাই, পূর্ব-মেদিনীপুর

মহাশয়,

আমরা, রামনগর-২ নং ব্লক-এর উপকূলীয় মৎস্য ভেণ্ডররা সমুদ্রতীরের মৎস্য খটি ও মৎস্য বন্দর থেকে মাছ সংগ্রহ করে ও বিভিন্ন এলাকায় বিক্রি করে জীবিকা নির্বাহ করে থাকি। এতে যে শুধু আমাদের পেট চলে তাই নয় – কাছের ও দূরের মানুষ টাটকা মাছ খেতে পান। মৎস্যজীবীরা পান তাদের বহু পরিশ্রমে ধরা মাছের মূল্য।

আমরা গরিব মৎস্যকর্মী। সমুদ্রতীর থেকে মাছ নিয়ে পাড়ায়-পাড়ায়, বাজারে-বাজারে বিক্রি করতে চরম অসুবিধের মধ্যে উদয়াস্ত পরিশ্রম করতে হয়। মৎস্যজীবীদের কাছ থেকে মাছ কেনার টাকা থাকে না – মহাজনের কাছ থেকে মারাত্মক চড়া সুদে ঋণ নিতে হয়। মাছ নিয়ে দ্রুত বাজারে পৌঁছানোর জন্য মোটর সাইকেল তো কোন ছার, ভাল সাইকেলও জোটে না। আধুনিক ডিজিটাল ওজন যন্ত্র, মাছ সংরক্ষণের ঠান্ডা বাক্স যোগাড় করা আমাদের আয়ত্তের বাইরে। মাছ বিক্রির উপযুক্ত সুবিধায়ুক্ত বাজার দূরের কথা, কোনমতে একটু বসার জায়গা পাওয়াই দায়। এ শুধু আমাদের নয়, মাছ ক্ষেতাদেরও নিত্য বিড়ম্বনা। সরকারী অনুদান বা সামাজিক উন্নয়ন ও সুরক্ষা প্রকল্পগুলি থেকেও আমরা বঞ্চিত। তার ওপর রয়েছে তোলাবাজ, চাঁদাবাজদের নিত্যদিনের জুলুম। পেশাগত মর্যাদার প্রাথমিক শর্ত কোনও পরিচয়পত্রও আমাদের ছিল না। অতি সম্প্রতি সরকারের তরফে জেলার উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের সহায়ক মৎস্যকর্মী হিসেবে বায়োমেট্রিক পরিচয়পত্র দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। কোন কোন ব্লকে মৎস্য দপ্তর থেকে মৎস্য ভেণ্ডরদের কিছু স্বতন্ত্র পরিচয়পত্র দেওয়া হয়েছে। কিন্তু এ ব্যাপারে অগ্রগতি একেবারেই সন্তোষজনক নয়।

বিশেষ উল্লেখ্য, মৎস্য ভেণ্ডর অধ্যুষিত গ্রাম দক্ষিণ পুরুষোত্তমপুরের সাথে কাঁথির সরাসরি যোগাযোগের জন্য শৌলা খালের উপর সেতু নির্মাণ জরুরি। ব্লকের অভ্যন্তর গুরুত্বপূর্ণ পিছাবনি মাছ বাজারের অবিলম্বে স্থানান্তরণ

Received  
Sahajanta  
Rampagar-II Ranchaya Samu  
Balisai, Purba Medinipur.

ও আধুনিকীকরণ প্রয়োজন। বালিসাই, কাঠপুল ও কালিন্দী মাছ বাজারের সংস্কার ও আধুনিকীকরণ দরকার। কাঠপুলের জীর্ণ সেতুটির অবিলম্বে প্রতিস্থাপন প্রয়োজন।

এই পরিপ্রেক্ষিতে আমরা রামনগর-২ নং ব্লকের উপকূলীয় মৎস্য ভেন্ডরদের পক্ষ থেকে নিম্নলিখিত দাবিসনদ আজ আপনার কাছে পেশ করছি ও এর অন্তর্ভুক্ত প্রতিটি দাবি পূরণের জন্য জরুরি ভিত্তিতে সদর্থক পদক্ষেপ দাবি করছি।


### দাবিসনদ

- জরুরি ভিত্তিতে মৎস্য ভেন্ডরদের পেশাগত মর্যাদার স্বীকৃতি হিসেবে সরকারি পরিচয়পত্র দিতে হবে।
- সুদখোর মহাজনের হাত থেকে বাঁচাতে মৎস্য ভেন্ডরদের অবিলম্বে স্বল্পসুদে ব্যবসার মূলধন দিতে হবে।
- সাতমাইল মাছ বাজারের উন্নয়ন ও সংস্কার সহ ব্লকের সমস্ত অঞ্চলে মাছ বিক্রির জন্য উপযুক্ত সুবিধাযুক্ত বাজারের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেন্ডরদের জন্য সাইকেল, মোটর সাইকেল ইত্যাদি পরিবহন যানের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেন্ডরদের জন্য আধুনিক ওজন যন্ত্র ও মাছ সংরক্ষনের ঠান্ডা বাস্স দিতে হবে।
- মৎস্য ভেন্ডরদের জন্য মাছ বিক্রির আধুনিক ট্রে-র ব্যবস্থা করতে হবে।
- সমস্ত মৎস্য ভেন্ডরদের রিলিফ কাম সেন্টিংস স্কিম-এর আওতায় আনতে হবে।
- উপকূলীয় মৎস্য ভেন্ডরদের আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে মেরিন কো-অপারেটিভ সোসাইটি গঠনের অনুমতি দিতে হবে।
- মৎস্য ভেন্ডরদের জন্য অবিলম্বে বার্ষিক্যভাতা ও বীমা প্রকল্প চালু করতে হবে।
- মৎস্য ভেন্ডরদেরকে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর জন্য সরকারী আবাসন প্রকল্পের আওতায় আনতে হবে।
- পুরুষোত্তমপুরের সাথে কাঁথির সরাসরি যোগাযোগের জন্য শৌলা খালের উপর সেতু নির্মাণ করতে হবে।
- পিছাবনি মাছ বাজারের অবিলম্বে স্থানান্তরণ ও আধুনিকীকরণ করতে হবে।
- বালিসাই, কাঠপুল ও কালিন্দী মাছ বাজারের সংস্কার ও আধুনিকীকরণ করতে হবে।
- কাঠপুলের জীর্ণ সেতুটির অবিলম্বে প্রতিস্থাপন করতে হবে।
- মৎস্য ভেন্ডরদের উপর তোলাবাজ-চাঁদাবাজদের অত্যাচার বন্ধ করতে হবে।




সুজয় কৃষ্ণ জানা  
সহ-সভাপতি

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন



অচিন্ত্য প্রামাণিক  
সম্পাদক



রাজু প্রসাদ জানা  
সভাপতি

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন



রাজু প্রামাণিক  
সম্পাদক

রামনগর-২ নং ব্লক শাখা

অফিস যোগাযোগ - ন্যাশনাল ফিশওয়ার্কস ফোরাম (NFF) কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যান্ড, জালাল খাঁবাড়

অচিন্ত্য প্রামাণিক, মোবাইল: ৯৮০০৭৭৭৪৫৮; সুজয় জানা, মোবাইল: ৯৭৩৩৮৪৪১৫১